



মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

ফোন : ০৭৯১ - ৬২৩২৯ অফিস
৬২৪৪৩
৬২৪৩২
০৭৯১ - ৬২৫৫০ বাসা

স্থাপিত : ১৫ই এপ্রিল ১৮৬৯

সূত্র : মেসো/প্রবি/২০১৭/৪৩ (০৭)

তারিখ : ০৪/০২/২০১৭
অতীব জরুরী

প্রাপক :

মেসার্স লিটন ট্রেডার্স
মদন দোহন পাড়া, ঝিনাইদহ।

বিষয় : ইউজিআইআইপি-৩ প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কাজের ফ্রেমি সংশোধন ও অসমাপ্ত কাজ সমাপ্ত করণ প্রসঙ্গে।
সূত্র : এলজিইডি/পিডি/UGIIP-III/এফ-১০/২০১৪/২৪৫(০১); তারিখ : ০১/০২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, মেহেরপুর পৌরসভায় 'তৃতীয় নগর পরিচালন অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, UGIIP-III এর আওতায় প্যাকেজ নং- UGIIP-III-I/MEHE/01/2015 (Lot-02) এর কাজে নিয়োজিত ঠিকাদার হিসেবে আপনাকে কর্তৃক বাস্তবায়নাধীন কাজ R-12 : ওয়াপদা সড়ক থেকে ক্যাশব পাড়া বন্ধরের বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ কাজে ফ্রেমি পরিলক্ষিত হওয়ায় গত ২২/০১/২০১৭ খ্রিঃ তারিখে প্রকল্পের টীম লিডার, ডেপুটি টীম লিডার ও কিউসি ফ্রেমি সমূহ পরিদর্শন করে পিএমও অফিস, এলজিইডি, ঢাকায় মতামত প্রদান করেন। সেপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক প্রকল্পের অসমাপ্ত কাজ ও সকল ফ্রেমি সমূহ আগামী ১০/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সমাপ্ত করে প্রমাণক সহ পিএমও অফিস, এলজিইডি ঢাকায় জানানো জন্য পত্র দ্বারা তাগাদা দিয়েছেন। সেসাথে আরোও উল্লেখ করেছেন যে, উক্ত সময়ে কাজগুলি সঠিকভাবে বাস্তবায়ন না হলে প্রকল্পের শর্ত মোতাবেক বর্তমানে চলমান ও পরবর্তী সময়ে অবকাঠামো উন্নয়ন সহ অন্যান্য সকল বরাদ্দ থেকে পৌরসভাকে বঞ্চিত করা হবে। এখানে আরোও উল্লেখ্য যে ইতিপূর্বে গত ৩১/০১/২০১৭ খ্রিঃ তারিখে আপনাকে উক্ত নির্দেশনা সমূহ যথাযথভাবে পালনের জন্য আপনাকে পত্র দেওয়া হয়েছে।

এমতাবস্থায় প্রকল্পের অসমাপ্ত কাজ ও সকল ফ্রেমি সমূহ পত্র উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রকৌশলীদের উপস্থিতিতে সম্পূর্ণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা গেল। অন্যথা কর্তৃপক্ষ দরপত্র আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণে বাধ্য হবে। বিষয়গুলি পৌর জনস্বার্থে অতীব জরুরী

মোঃ মোতাহিম বিল্লাহ মতু
মেয়র

মেহেরপুর পৌরসভা, মেহেরপুর।

ই-মেইল-meherpur_municipality@yahoo.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরিত হলো :

- ১। প্রকল্প পরিচালক, 'তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, UGIIP-III, লেভেল-১২, এলজিইডি, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী মেহেরপুর পৌরসভা, মেহেরপুর।
- ৩। টীম লিডার, এমডিএস কনসালট্যান্ট, UGIIP-III, এলজিইডি, লেভেল-১২, ঢাকা।
- ৪। সহকারী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর।
- ৫। মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ার, এমডিএস কনসালট্যান্ট, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর।
- ৬। উপ-সহকারী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা ও ইউজিআইআইপি-৩, মেহেরপুর পৌরসভাকে এ ব্যাপারে ঠিকাদারকে পূর্ণ সহযোগিতা করে কাজগুলি সঠিক সময়ে সমাপ্ত করণের জন্য বিশেষভাবে বলা হলো।